

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, মুসল্লী ব্যক্তির সামনে দিয়ে গাধা অতিক্রম করলে সালাত বিনষ্ট হয় না

ذَكَرُ خَبَرٍ قَدْ يُوْهِمُ غَيْرَ الْمُتَبَجِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ مُرُورَ الْحِمَارِ قُدَّامَ الْمُصَلِّي لَا يَقْطَعُ صَلَاتَهُ

আরবী

2374 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنِ الْحَكَمِ عَنْ يَحْيَى بْنِ الْجَزَّارِ عَنْ أَبِي الصَّهْبَاءِ قَالَ: كُنَّا عِنْدَ ابْنِ عَبَّاسٍ فَذَكَرْنَا مَا كَانَ يَقْطَعُ الصَّلَاةَ فَقَالُوا الْحِمَارُ وَالْمَرْأَةُ فَقَالَ ابْنُ عَبَّاسٍ: لَقَدْ جِئْتُ أَنَا وَغُلَامٌ مِنْ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ مُرْتَدِفَيْنِ عَلَى حِمَارٍ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ فِي أَرْضٍ خَلَاءٍ فَتَرَكْنَا الْحِمَارَ بَيْنَ أَيْدِيهِمْ ثُمَّ جِئْنَا حَتَّى دَخَلْنَا بَيْنَهُمْ فَمَا بَالَى بِذَلِكَ. الراوي : أَبُو الصَّهْبَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2374 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (710).

বাংলা

২৩৭৪. আবুস সাহবা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা কাহে ছিলাম, অতঃপর আমরা আলোচনা করলাম কীসে সালাত নষ্ট করে দেয়, সে সম্পর্কে, তারা বলেন, “সালাত বিনষ্ট করে দেয় গাধা ও নারী।” তখন আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা বলেন, “আমি ও বানু আব্দুল মুত্তালিব গোত্রের একজন গোলাম গাধার উপর আরোহন করে আসি, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উন্মুক্ত জায়গায় লোকদের নিয়ে সালাত আদায় করছিলেন। অতঃপর আমরা গাধাকে তাদের সামনে ছেড়ে দিলাম, তারপর আমরা এসে তাদের মাঝে প্রবেশ করলাম। কিন্তু তিনি তাতে কোন অক্ষিপ করলেন না।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ৭১৬; তাবারানী: ১২৮৯২; নাসাঈ: ২/৬৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭১০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুস সাহবা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91696>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন